

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. স্বামীর সম্পদ থেকে স্ত্রীর সদকা করার বিধান:

জেনে রাখ যে, (আল্লাহ তোমার ওপর রহম করুন) স্বামীর অনুমতি ব্যতীত তার সম্পদ থেকে স্ত্রীর সদকা করা বৈধ নয়, যদি স্বামী গরীব অথবা কৃপণ হয় অথবা স্ত্রী অনুমতি ব্যতীত সদকা করেছে স্বামী জানলে অসম্ভষ্ট হয়। আর যদি স্বামী গরীব বা কৃপণ না হয় অথবা স্ত্রী অনুমতি ব্যতীত সদকা করেছে জানলে অসম্ভষ্ট না হয়, তবে স্ত্রীর জন্য তার সম্পদ থেকে সদকা করা বৈধ। এই অবস্থায় স্ত্রী সদকার অর্ধেক সাওয়াব পাবে, কারণ স্বামীর অনুমতি নেই, তবে স্বামীর সম্পদ অপচয় করে তাকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করা যাবে না। আর স্বামীর অনুমতি নিয়ে যদি স্ত্রী সদকা করে, সে সদকার পূর্ণ সাওয়াব পাবে। আল্লাহ ভালো জানেন।

আমরা আরও বলতে পারি, স্বামী স্ত্রীকে যেসব সম্পদে কর্তৃত্ব করার পূর্ণ ইখতিয়ার দিয়েছে সেখান থেকে যদি সে সদকা করে পূর্ণ সাওয়াব পাবে, যেমন খাবার। এ জাতীয় সম্পদ স্বামীর অনুমতি ব্যতীত খরচ করলে দোষ নেই, তবে শর্ত হচ্ছে সদকার কারণে যেন বাড়ির ব্যয়-নির্বাহ ক্ষতিগ্রস্ত না হয় এবং স্ত্রীকে বুঝতে হবে যে, সদকার ফলে স্বামী অভাব বা সংকীর্ণতা বোধ করবেন না। আরেকটি বিষয়, স্ত্রী নিজের সম্পদ স্বামীর অনুমতি ছাড়া খরচ করতে পারবে। এটি অধিকাংশ আলেমের কথা এবং সর্বাপেক্ষা বিশুদ্ধ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10155

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন